

নাগরিক-সেবার বিবরণ সম্বলিত প্রোফাইল ও প্রসেস ম্যাপ

(৩) সেবার নামঃ পেটেন্ট সংক্রান্ত তথ্য (Patent Information) প্রদান।

সেবা প্রোফাইল			
সেবা প্রদানকারী অফিসের নাম	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী	সেবা প্রাপ্তির স্থান	প্রয়োজনীয় সময়
পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর, শিল্প মন্ত্রণালয়, ঢাকা-১০০০।	ডেপুটি রেজিস্টার (পেটেন্ট ও ডিজাইন), সহকারী রেজিস্ট্রার (পেটেন্ট), পরীক্ষক (পেটেন্ট), অফিস সহকারী, কম্পিউটার অপারেটর, ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর (আইটি ইউনিট), রিসেপশন ডেস্ক।	পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর, শিল্প মন্ত্রণালয়, ৯১, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।	সাধারণতঃ ৭ দিন।
সেবা প্রদানের সংক্ষিপ্ত বিবরণ	যে কোন আগ্রহী ব্যক্তি অত্রাফিসে দাখিলকৃত পেটেন্ট দরখাস্ত অথবা গৃহীত পেটেন্ট সম্পর্কে নির্ধারিত Form ও ফি প্রদান পূর্বক যথানিয়মে দরখাস্ত দাখিল করতঃ এতদসংক্রান্ত প্রতিবেদন সরবরাহের আবেদন করতে পারেন। অত্রাফিসে দরখাস্ত দাখিল করার পর আবেদনকারীকে সংশ্লিষ্ট বিষয়ে রিসিপশন শাখা হতে রিসিট প্রদান করা হয়। অত্রাফিসের পেটেন্ট শাখায় অফিস সহকারী বা কম্পিউটার অপারেটর কর্তৃক আবেদনটি যাচাই-বাছাই করার পর সংশ্লিষ্ট বিষয়ে অনুসন্ধান প্রতিবেদন প্রস্তুত করতঃ পরীক্ষকের নিকট উপস্থাপন করা হয়। পরীক্ষক সহকারী রেজিস্ট্রার ও ডেপুটি রেজিস্ট্রারের নিকট অনুমোদনের জন্য নথি উপস্থাপন করেন। অনুমোদিত হলে অনুসন্ধান প্রতিবেদনটি ডেসপাস শাখার মধ্যমে আবেদনকারীর নিকট প্রেরণ করা হয়। যদি আগ্রহী ব্যক্তি নির্ধারিত ফি প্রদানপূর্বক যথাযথভাবে নির্ধারিত ফর্মে কোন পেটেন্ট দরখাস্তের বিশেষত্বনামা বা ড্রইং এর সার্টিফাইড কপি জন্য আবেদন করেন তবে যথানিয়মে উহা সরবরাহ করা হয়।		
সেবা প্রাপ্তির শর্তাবলি	প্রয়োজনীয় তথ্য সম্বলিত যাবতীয় কাগজপত্র ও নির্ধারিত ফি প্রদান।		
প্রয়োজনীয় কাগজপত্র	০১) একটি অগ্রায়ণ পত্র (Forwarding Letter); ০২) যথাযথভাবে পূরণকৃত নির্ধারিত আবেদন ফরম Form-29/29A;		
প্রয়োজনীয় ফি/ট্যাক্স/আনুষঙ্গিক খরচ	১. প্রযোজ্যক্ষেত্রে নির্ধারিত ফি ২০০০ টাকা/ ৩০০০ টাকা এবং সার্টিফাইড কপির জন্য প্রযোজ্য ফি		
সংশ্লিষ্ট আইননীতিমালা/বিধি/	ক) পেটেন্ট ও ডিজাইন আইন, ১৯১১ খ) পেটেন্ট ও ডিজাইন বিধিমালা, ১৯৩৩		
নির্দিষ্ট সেবা পেতে ব্যর্থ হলে পরবর্তী প্রতিকারকারী কর্মকর্তা	যথানিয়মে আবেদন করা হলে এতদসংক্রান্ত সেবা অবশ্যই প্রদান করা হয়ে থাকে। ব্যর্থ হলে রেজিস্ট্রারের নিকট আবেদন করা যাবে।		
সেবা প্রদান/ প্রাপ্তির ক্ষেত্রে অসুবিধাসমূহ	ক) নাগরিক পর্যায়	সংশ্লিষ্ট বিষয়ে আবেদনকারীর সুস্পষ্ট ধারণা না থাকা।	
	খ) সরকারি পর্যায়	প্রয়োজনীয় দক্ষ জনবল ও Equipment এর স্বল্পতা।	
বিবিধ/অন্যান্যঃ			

৩.১.২ প্রসেস ম্যাপ

পেটেন্ট সংক্রান্ত তথ্য (Patent Information) প্রদান সংক্রান্ত কার্যক্রমের ফ্লো চার্ট

ধাপ সংখ্যাঃ ৯ টি
জনবলঃ ০৫ জন
সময়ঃ সাধারণতঃ ৭ দিন

ডিআর= ডেপুটি রেজিস্ট্রার
এআর= সহকারি রেজিস্ট্রার
পরীক্ষক= পেটেন্ট পরীক্ষক
সিও= কম্পিউটার অপারেটর
সহকারি = অফিস সহকারি

